মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iauins13@gmail.com
বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৯০২

তারিখ : ১৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মোল্লারহাট দারুচ্ছুন্নাত ছালেহীয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ মোল্লারহাট, উপজেলাঃ কালকিনি, জেলাঃ মাদারীপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০১.০১.২০১৯ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রি. থেকে ২৬.০৪.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো-

শর্তসমূহ :

১) মাদরাসার পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে শিক্ষক এবং শিক্ষার্থীদের আরো সচেতন হতে হবে।
২) প্রত্যেক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৩) আরবিতে শিক্ষার্থীরা খুবই দুর্বল। আরবি ভাষাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৪) ছাত্রীদের জন্য পৃথক কমনরুম, টয়লেট এবং আলাদা নামাজ রুমের ব্যবস্থা করতে হবে।
৫) প্রতিষ্ঠানের সকল আয় ব্যয়ের হিসাব যথাসময়ে মূল রেজিস্ট্রারে লিপিবদ্ধ করতে হবে এবং হিসাব রক্ষককে প্রশিক্ষণ দিতে হবে।
৬) শিক্ষার মানোন্নয়নের জন্য সরকার গৃহীত সকল কার্যক্রম সম্পর্কে শিক্ষক এবং অফিসকর্মীদের ধারণা কম। এ বিষয়ে প্রতিষ্ঠান প্রধানসহ সকলের সম্মক ধারণা থাকতে হবে।
৭) আইসিটি বিষয়ে প্রতিষ্ঠান প্রধানসহ শিক্ষক এবং শিক্ষার্থীদের দুর্বলতা থাকায় আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে পর্যায়ক্রমে প্রশিক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।
৮) শ্রেণিকক্ষে কোন গাইড/নোটবই রাখা যাবে না এবং শিক্ষকদের শ্রেণিকক্ষে মূল বইয়ের ব্যবহার নিশ্চিত করতে হবে।
৯) লাইব্রেরীতে বইয়ের সংখ্যা আরো বৃদ্ধি, নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে।
১০) মাদরাসার সাইনবোর্ডে বাংলা নামের সাথে আরবি নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" লেখাটি যুক্ত করতে হবে।
১১) অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য নির্ধারিত ফরমে মাদরাসা পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

02.01.2020
(ড. জাভেদ আহমাদ)
সহকারী পরিদর্শক (অতিঃ দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ
মোল্লারহাট দারুচ্ছুন্নাত ছালেহীয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ মোল্লারহাট, উপজেলাঃ কালকিনি, জেলাঃ মাদারীপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৭৯০২

তারিখ : ১৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
০২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬। সভাপতি, মোল্লারহাট দারুচ্ছুন্নাত ছালেহীয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ মোল্লারহাট, উপজেলাঃ কালকিনি, জেলাঃ মাদারীপুর।
৭। অফিস নথি।

02.01.2020
(শিরিনা আক্তার)
সেকশন অফিসার
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৬৫২-২০০০১৫

অধি/নবায়ন/ফাইল নং- ঢাকা-১১০